

বাজেটে অগ্রাধিকার করতে হবে শিক্ষা

জোনায়ের সাকি, প্রধান সমন্বয়ক, গণসংহতি আন্দোলন

নিজস্ব প্রতিবেদক

২৫ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়ের সাকি বলেছেন, শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়ে বাজেটে বরাদ্দ তৈরি করতে হবে। শিক্ষকদের জন্য তৈরি করতে হবে স্বতন্ত্র বেতন স্কেল। এর মাধ্যমে দেশের সব শিক্ষা খাতের সমস্যা সমাধান করতে হবে। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে নন-এমপিও শিক্ষা

প্রতিষ্ঠানের লাগাতার অবস্থান কর্মসূচিতে উপস্থিত হয়ে তিনি এসব কথা বলেন।

জোনায়ের সাকি বলেন, ‘যখন শিক্ষকদের দাবি নিয়ে প্রশ্ন আসে, আমাদের জাতির ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন আসে, তখন টাকা থাকে না। তাই এই অভ্যুত্থানের সরকারের কাছে এসব সমস্যা সমাধানের আশা করা যায় না। কিন্তু এই অভ্যুত্থানের সরকারকে বলব, শিক্ষকদের যে সমস্যা তা দূর করার উদ্যোগ দ্রুত নিতে হবে।’

এ সময় অন্তর্বর্তী সরকারকে উদ্দেশ্য করে সাকি বলেন, ‘শিক্ষকরা থাকবে ক্লাসে। তারা রাস্তায় কেন? এই লজ্জা আমাদের সবার। দ্রুত তাদের সমস্যা সমাধান করার আহ্বান জানাই। তা ছাড়া আমাদের দেশের সব শিশু যেন বিশেষ করে ১২ ক্লাস পর্যন্ত লেখাপড়া করতে পারে এর দায়িত্ব সরকারকে নিতে হবে। এই যে কতগুলো স্কুল বেসরকারিভাবে গড়ে উঠেছে তারা এমপিওর দাবি করছে। আমরা চাই, সরকার যেন তাদের বেতনের নব্বই ভাগ দেয়।’